# চাকরি খোঁজা

# Å finne en jobb


Espen Stranger-Johannessen

Sunniva Høiby-Øiset

Tahmina Akter


4

বাংলা bn / norsk nb

আলিশার একটি চাকরি দরকার, কারণ তার পরিবারের খাবার ও কাপড়ের জন্য টাকার প্রয়োজন।

• • •

Alisha trenger å finne en jobb fordi familien hennes trenger penger til mat og klær.

নিজ দেশে আলিশা কাজ করত না, তবে সে খুব ভাল রাঁধতে পারে এবং মানুষের সাথে কথা বলতেও পছন্দ করে।

• • •

Alisha jobbet ikke i hjemlandet, men hun er flink til å lage mat og liker å snakke med folk.

সে কি রেস্টুরেন্টে কাজ করতে পারে? আলিশা চাকরির পোস্টের জন্য ইন্টারনেটে খোঁজাখুঁজি করে।

• • •

Kanskje hun kan jobbe på restaurant? Alisha søker på Internett etter stillingsannonser.

সে শেফ এর চাকরির জন্য একটি বিজ্ঞাপন খুঁজে পায়। শেফ হল সেই ব্যাক্তি, যিনি একটি রেস্টুরেন্টে রান্না করেন।

. . .

Hun finner en stillingsannonse som kokk. Det er en som lager mat i en restaurant.

সে চাকরির ইন্টারভিউ দিতে যায়। রেস্টুরেন্ট ম্যানেজার তাকে বলেন যে, তাদের শেফ হিসাবে প্রশিক্ষণ নিয়েছে এমন কাউকে দরকার।

• • •

Hun drar til jobbintervjuet. Restaurantsjefen sier til henne at de trenger noen som er utdannet kokk.

আলিশা হতাশ হয়ে পড়ে, তবে সে “খাদ্য ও আতিথেয়তা” নামে একটি কোর্স এ অংশগ্রহণ করে। সে আশা করে যে, এটি তাকে একটি রেস্টুরেন্টে চাকরি পেতে সাহায্য করবে।

• • •

Alisha er skuffet, men hun tar et kurs som heter «Mat og reiseliv». Hun håper det kommer til å hjelpe henne med å få jobb på en restaurant.

আলিশাকে তার প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে একটি রেস্টুরেন্টে কাজ করতে হয়। সে বেতন পায় না, তবে সে কাজের অভিজ্ঞতা অর্জন করে।

. . .

Alisha må jobbe på en restaurant som en del av utdanningen. Hun får ikke lønn, men hun får arbeidserfaring.

সে তার সিভিতে কোর্সের সম্পর্কে যাবতীয় তথ্য যুক্ত করেছে। সে যে সমস্ত কাজ করেছে এবং যে কোর্সগুলোতে অংশগ্রহণ করেছে, তার বিবরণই হল সিভি।

• • •

Hun legger til informasjon om kurset på CV-en sin. En CV er en beskrivelse av alt arbeidet hun har gjort og alle kursene hun har tatt.

পরের বার আলিশা যখন কোন রেস্টুরেন্টে চাকরির ইন্টারভিউ দিতে যায়, তখন তাকে চাকরির প্রস্তাব দেওয়া হয়। এটা কঠিন কাজ। তাকে প্রায়ই সন্ধ্যায় কাজ করতে হয়, যখন তার বাচ্চারা স্কুল থেকে বাড়িতে চলে আসে।

• • •

Neste gang Alisha skal på jobbintervju på en restaurant, blir hun tilbudt jobben. Det er hardt arbeid. Hun må ofte jobbe om kvelden, når barna hennes er hjemme fra skolen.

সে গর্বিত যে সে একটি চাকরি পেয়েছে, যাতে সে নিজের টাকা দিয়ে তার পরিবারের জন্য খাবার ও কাপড় কিনতে পারে।

• • •

Hun er stolt av at hun har fått en jobb så hun kan kjøpe mat og klær til familien sin for sine egne penger.

# LIDA Stories

lidastories.net

## চাকরি খোঁজা

## Å finne en jobb

Espen Stranger-Johannessen
Sunniva Høiby-Øiset
Tahmina Akter (bn), Espen Stranger-Johannessen (nb)